# সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

## সরকারি তোলারাম কলেজ কোড: ৫৬০১

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

**অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:**
**২২/০১/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ তারিখ পর্যন্ত**

আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

### আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## আবেদন ফরম জমা দেয়ার নিয়মাবলি:

- অনলাইনে আবেদন ফরম ডাউনলোড করার পর মোবাইল ব্যাংকিং **"বিকাশ/রকেট/উপায়"** এ আবেদন ফি জমা দিতে হবে।
- প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা মোবাইল ব্যাংকিং **"বিকাশ/রকেট/উপায়"** এর Bill Pay অপশনে গিয়ে **Govt Tolaram College** এর হিসাবে ২২/০১/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- অনলাইন থেকে পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম Download করে ২২/০১/২০২৬ তারিখ হতে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত কলেজের মূল ভবনের নিচে সাধারণ শাখার পিছনের কাউন্টার- এ জমা দিতে হবে।

| **আবেদন ফরমের সাথে জমাদানের প্রয়োজনীয় কাগজপত্র:** |
|---|
| ১। অনলাইনে আবেদনকৃত ফরম **(সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমে আপলোড দিতে হবে)**<br>২। স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি।<br>৩। স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রেজিস্ট্রেশনের ফটোকপি।<br>৪। মোবাইল ব্যাংকিং **"বিকাশ/রকেট/উপায়"** এর টাকা জমা দেওয়ার অনলাইন স্লিপের কপি।<br>৫। দ্বৈত ভর্তি না হওয়া মর্মে অঙ্গীকারনামা এর কপি।<br>৬। কলেজের অংশে আবেদনকারীর মোবাইল নম্বর লিখতে হবে। |
| **বি. দ্র. উপরে উল্লেখিত কাগজপত্র ০১ (এক) সেট অনলাইনে আবেদনকৃত ফরম-এর সাথে কলেজে জমা দিতে হবে।** |

## যে সকল বিষয়ে আবেদন করা যাবে:

| মানবিক শাখা | বিজ্ঞান শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|
| ❖ বাংলা (বিষয় কোড: ৩১১০)<br>❖ ইংরেজি (বিষয় কোড: ৩১১১)<br>❖ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (বিষয় কোড: ৩১১৬)<br>❖ দর্শন (বিষয় কোড: ৩১১৭)<br>❖ রাষ্ট্রবিজ্ঞান (বিষয় কোড: ৩১১৯)<br>❖ সমাজকর্ম (বিষয় কোড: ৩১২১)<br>❖ অর্থনীতি (বিষয় কোড: ৩১২২) | ❖ পদার্থবিজ্ঞান (বিষয় কোড: ৩১২৭)<br>❖ রসায়ন (বিষয় কোড: ৩১২৮)<br>❖ উদ্ভিদবিজ্ঞান (বিষয় কোড: ৩১৩০)<br>❖ প্রাণিবিদ্যা (বিষয় কোড: ৩১৩১)<br>❖ গণিত (বিষয় কোড: ৩১৩৭) | ❖ হিসাববিজ্ঞান (বিষয় কোড: ৩১২৫)<br>❖ ব্যবস্থাপনা (বিষয় কোড: ৩১২৬) |

❖ **ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজ ওয়েবসাইট- http://tolaramcollege.edu.bd ও Facebook Page এর 'Tolaram College Online Class' এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) পাওয়া যাবে।**

26.01.2026

**(প্রফেসর মো: শহীদুল ইসলাম)**
**অধ্যক্ষ**
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ

26/01/2026

**আহ্বায়ক**
২০২৩-২০২৪ মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি
সরকারি তোলারাম কলেজ
নারায়ণগঞ্জ